




রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
রাজউক ভবন, ঢাকা।

গুলশান আবাসিক এলাকায় ১১৫নং সড়কে ৩২নং প্লটে আবাসিক ফ্ল্যাট বরাদ্দ বিজ্ঞপ্তি

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের গুলশান আবাসিক এলাকায় অত্যাধুনিক সুযোগ সুবিধা সমৃদ্ধ ০৩(তিন)টি ফ্ল্যাট (কম /বেশী) বরাদ্দের জন্য রাজউকের নির্ধারিত আবেদন ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। রাজউক ভবনস্থ জনতা ব্যাংক লিঃ, কর্পোরেট শাখা, ঢাকা হতে নগদ টাকা ৫,০০০/- (টাকা পাঁচ হাজার) মাত্র (অফেরৎযোগ্য) প্রদান করে আগামী ১০.০৩.২০২০ খ্রিঃ তারিখ হতে আবেদনপত্রের ফরম ও প্রসপেক্টাস সংগ্রহ করা যাবে এবং আগামী ০৯.০৪.২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত ব্যাংক চলাকালীন সময়ে আবেদনপত্র জমা প্রদান করা যাবে। সকল শর্তাবলী প্রসপেক্টাসে উল্লেখ থাকবে।

রাজউক ওয়েবসাইট (www.rajukdhaka.gov.bd) হতে আবেদনপত্রের ফরম ও প্রসপেক্টাস ডাউনলোড করে প্রসপেক্টাসের শর্তাবলী পূরণ সাপেক্ষে নির্ধারিত সময়ের মধ্যে ফরম জমা প্রদান করা যাবে। তবে আবেদনপত্র ও প্রসপেক্টাস বাবদ নগদ টাকা ৫,০০০/- (টাকা পাঁচ হাজার) মাত্র (অফেরৎযোগ্য) আবেদনপত্র জমাদানকালে সংশ্লিষ্ট ব্যাংকে জমা করতে হবে।

বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকগণ রাজউক ওয়েবসাইট (www.rajukdhaka.gov.bd) হতে আবেদনপত্রের ফরম ও প্রসপেক্টাস ডাউনলোড করে প্রসপেক্টাসে বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে “চেয়ারম্যান, রাজউক” বরাবর নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র প্রেরণ করতে পারবেন। তবে আবেদনপত্র ও প্রসপেক্টাস বাবদ ১০০.০০ (একশত) মার্কিন ডলার/৮০.০০ (আশি) ইউরো (অফেরৎযোগ্য) জামানতের সাথে জমা প্রদান করতে হবে।


০৫/০৬/২০২০

(শামীম মোমেন)
সচিব(চলতি দায়িত্ব)
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
রাজউক ভবন, ঢাকা।